কালের কণ্ঠ

তারিখ : 21 NOV 2017
পৃষ্ঠা : ৩ কলাম : ৮

১৮তম মৃত্যুবার্ষিকী পালন

# পাঠ্যপুস্তকে সুফিয়া কামালের আরো কবিতা অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

পাঠ্যপুস্তকে কবি সুফিয়া কামালের আরো কবিতা অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন নারী অধিকার ও উন্নয়ন সংগঠনের নেতারা। সুফিয়া কামালের ১৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক স্মরণসভায় এই দাবি জানানো হয়। গতকাল সোমবার বাংলাদেশ মহিলা পরিষদের সুফিয়া কামাল ভবন মিলনায়তনে একটি স্মরণসভায় এ দাবি জানানো হয়।

'মানবতার সংকট এবং নারী ও শিশুর প্রতি অব্যাহত সহিংসতার বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলি' প্রতিপাদ্য সামনে রেখে অনুষ্ঠানের আয়োজন করে সামাজিক প্রতিরোধ কমিটি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম। সভায় প্রস্তাব পাঠ করেন ব্র্যাকের সিনিয়র সেক্টর স্পেশালিস্ট কাজী শাহানা। সভাটি পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্টের প্রগ্রাম ম্যানেজার দিলীপ কুমার সরকার। সভায় কবিকন্যা সাইদা কামাল, সুলতানা কামালসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

সভায় সভাপতির বক্তব্যে বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম বলেন, 'প্রতিবছর সুফিয়া কামালকে আমরা স্মরণ করি। সুফিয়া কামাল জাতীয়, রাজনৈতিক, গণতান্ত্রিক, সামাজিক, ছাত্র আন্দোলনে সমগ্র বিষয়কে একত্রিত করে আন্দোলন করেছেন। আজ সময় এসেছে, নারীদের এগিয়ে আসতে হবে। সুফিয়া কামালের সময় নারীরা ঘর থেকে বের হয়ে এসেছিল। আজও নারীরা বের হয়ে আসছে।'

সভায় আরো বক্তব্য দেন নারী প্রগতি সংঘের পরিচালক মাহফুজুল বারী, নাগরিক উদ্যোগের নির্বাহী প্রধান জাকির হোসেন, জাতীয় নারী জোটের আহ্বায়ক আফরোজা হক রীনা, নাগরিক উদ্যোগের নির্বাহী প্রধান জাকির হোসেন, প্রিপ ট্রাস্টের নির্বাহী পরিচালক অ্যারোমা দত্ত প্রমুখ।